

ত-হা | Ta-Ha | ط

আয়াতঃ ২০ : ৩৬

আরবি মূল আয়াত:

﴿ ٣٦ ﴾ قَالَ قَدْ أُوتِيتَ سُؤْلَكَ يَمْوُسِي

অনুবাদসমূহ:

তিনি বললেন, 'হে মূসা, তুমি যা চেয়েছ তা তোমাকে দেয়া হল'। — আল-বায়ান

তিনি (আল্লাহ) বললেন, 'হে মূসা! তোমার প্রার্থনা গৃহীত হল। — তাইসিরুল

তিনি বললেন: হে মূসা, তুমি যা চেয়েছ তা তোমাকে দেয়া হল। — মুজিবুর রহমান

[Allah] said, "You have been granted your request, O Moses. — Sahih International

৩৬. তিনি বললেন, হে মূসা! আপনি যা চেয়েছেন তা আপনাকে দেয়া হলো। (১)

(১) এ পর্যন্ত পাঁচটি দোআ, সমাপ্ত হলো। পরিশেষে আল্লাহ তা'আলার পক্ষ থেকে এসব দোআ কবুল হওয়ার সুসংবাদ দান করা হয়েছে অর্থাৎ হে মূসা! আপনি যা যা চেয়েছেন, সবই আপনাকে প্রদান করা হল। [দেখুন, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৩৬) তিনি বললেন, হে মূসা! তুমি যা চেয়েছ তা তোমাকে দেওয়া হল। [1]

[1] এখান হতে বুঝতে পারা যাচ্ছ যে, আল্লাহ তাআলা তাঁর তোতলামি ভাল করে দিয়েছিলেন। অতএব এটা বলা ঠিক নয় যে, মূসা (আঃ)-এর পুরো তোতলামি দূর হওয়ার দু'আ করেননি, সেই জন্য তা কিছুটা বাকী থেকে গিয়েছিল। থাকল ফিরআউনের এই উক্তি {وَلَا يَكَادُ بَيْنَ} (এ তো পরিষ্কার কথা বলতেও পারে না।) তা ছিল পূর্ব পরিস্থিতি হিসাবে মূসা (আঃ)-কে তাচ্ছিল্য করার জন্য। (আইসারুত তাফসীর)

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2384>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন